



ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড
প্রশাসন বিভাগ
২২/বি কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
www.desco.gov.bd

৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ২৭.২৪.০০০০.০৬৭.০৮.০০৫.২৪.২৮৪

অফিস আদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড এর দাপ্তরিক কাজ সহজীকরণের লক্ষ্যে নিয়মিত/চুক্তিভিত্তিক সকল কর্মকর্তা/কর্মচারীর নৈমিত্তিক ছুটি অনুমোদনের ক্ষমতা নিম্নোক্তভাবে বিকেন্দ্রীকরণ করা হলো।

ছুটির ধরণ	ছুটির সময়সীমা (সর্বোচ্চ ১০ দিন)	পদমর্যাদা	অনুমোদনকারী
নৈমিত্তিক ছুটি	১-৭ দিন পর্যন্ত	সকল কর্মকর্তা/কর্মচারী	সংশ্লিষ্ট দপ্তর/ বিভাগীয় প্রধান (ব্যবস্থাপক/নির্বাহী প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক ও প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক)
		দপ্তর/ বিভাগীয় প্রধান	সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তা (তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক, প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক ও নির্বাহী পরিচালক)
	৮-১০ দিন পর্যন্ত	দপ্তর/ বিভাগীয় প্রধানসহ সকল কর্মকর্তা/কর্মচারী	নির্বাহী পরিচালক (প্রশাসন ও এইচআর)

- নির্বাহী পরিচালক মহোদয়গণ এবং কোম্পানি সচিবালয়, অভ্যন্তরীণ নিরীক্ষা ও মনিটরিং সেল এর দপ্তর প্রধানগণ এর নৈমিত্তিক ছুটি ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অনুমোদন দিবেন।
- নির্বাহী পরিচালক মহোদয়গণ নিজ নিজ দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের ০৭ (সাত) দিন পর্যন্ত নৈমিত্তিক ছুটি অনুমোদন দিবেন এবং ০৭ (সাত) দিনের উর্ধ্বে নৈমিত্তিক ছুটি অনুমোদনের জন্য নির্বাহী পরিচালক (প্রশাসন ও এইচআর) মহোদয় বরাবর প্রেরণ করবেন।

সংশ্লিষ্ট সকল দপ্তর/বিভাগীয় প্রধানকে স্ব স্ব দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের নৈমিত্তিক ছুটির তথ্য সংরক্ষণ এবং বছর শেষে সকল ধরণের ছুটির রেকর্ড (Individual Leave Record) প্রশাসন বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

১৮-০৯-২০২৪
সাজেদুল করিম
উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব)

নম্বর: ২৭.২৪.০০০০.০৬৭.০৮.০০৫.২৪.২৮৪/১ (৬)

৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপিঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক;

- ২। নির্বাহী পরিচালক (প্রশাসন ও এইচ আর/অর্থ ও হিসাব/প্রকৌশল/সংগ্রহ/অপারেশন);
- ৩। সকল মহাব্যবস্থাপক/ প্রধান প্রকৌশলী;
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী;
- ৫। সকল নির্বাহী প্রকৌশলী/ ব্যবস্থাপক এবং
- ৬। অফিস কপি।



A handwritten signature in blue ink, appearing to be 'ফরিদা পারভীন', located on the right side of the page.

১৮-০৯-২০২৪

ফরিদা পারভীন

উপ-ব্যবস্থাপক